

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৫, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

চাকা

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ/২৩ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩১০-আইন/২০১৮ —দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৮ (২০০৮ সনের ৫ নং আইন) এর ধারা ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে দুর্নীতি দমন কমিশন, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিল-১ এর কলাম (১) এর—

- (ক) ক্রমিক নং (১০) এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত “কোর্ট পরিদর্শক” শব্দগুলির পর “/হিসাবরক্ষণ কর্মকর্তা” শব্দগুলি ও চিহ্ন সংযোজিত হইবে;
- (খ) ক্রমিক নং (১২) এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত “/সিনিয়র হিসাব রক্ষক” শব্দগুলি ও চিহ্ন বিলুপ্ত হইবে;
- (গ) ক্রমিক নং (১৩) এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত “/সিনিয়র হিসাব রক্ষক” শব্দগুলি ও চিহ্ন বিলুপ্ত হইবে;
- (ঘ) ক্রমিক নং (১৪) এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত “অথবা সিনিয়র হিসাব রক্ষক” পদে অন্যন্য ৭ (সাত) বছরের চাকুরী” শব্দগুলি, সংখ্যা ও চিহ্ন বিলুপ্ত হইবে;

(১৩০১৩)

মূল্য : টাকা ৪.০০

(৬) ক্রমিক নং (১৫) এর পর নিম্নরূপ নৃতন ক্রমিক নং (১৫ক) এবং তদ্বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

“(১৫ক) হিসাব রক্ষণ .. পদোন্নতির মাধ্যমে হিসাবরক্ষক পদে অন্যন্য
কর্মকর্তা ১০ (দশ) বছরের
চাকুরী।”; এবং

(৭) ক্রমিক নং (১৮) এবং তদ্বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত
এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

কমিশনের আদেশক্রমে

ড. মোঃ শামসুল আরেফিন
সচিব।